ঢাকা ওয়াসা

১। অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। আলোচ্য কাজের পূর্বানুমোদিত দরের কপি।
৩। আলোচ্য কাজের প্রস্তাবিত প্রাক্কলন।

Name of Work: Repair and maintenance of various types of cable faults in electrical network of substation and sub pumps of different MODS under FM Division-1 (Lot-3) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংঙ্গে।

০১। অনুচ্ছেদ-১ হতে ৩ অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে ঢাকা ওয়াসা মড্স সার্কেল-১ এর আওতাধীন ৬৫০টির ও অধিক পানির পাম্পের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষনাবেক্ষন দায়িত্ব এফ.এম বিভাগ-১ এর উপর ন্যস্ত রয়েছে। ঢাকা ওয়াসা পাম্প ষ্টেশনের বৈদ্যুতিক সাব-ষ্টেশনের আউডোর টাইপের হওয়ায় ট্রান্সফরমারগুলো পাম্প কম্পাউন্ডের নিরাপদ স্থানে খোলা যায়গায় স্থাপন করা হয়। শুস্ক এবং বর্ষা মৌসুমে সংশ্লিষ্ট এলাকায় পানির সংকট থাকায় এ সময় বৃষ্টিপাতের মধ্যেও পাম্প চালু থাকায় অনেক সময় সাব-ষ্টেশনের এইচটি এবং এল.টি ক্যাবল ফল্ট হয়ে পাম্প বন্ধ হয়ে যায়। এছাড়াও ওভার হেড বৈদ্যুতিক লাইনে এবং ট্রান্সফরমারের উপর বিভিন্ন জীব-জন্তু পড়ে সাব-ষ্টেশনে এইচটি ফল্ট হয়ে থাকে। যা অত্র বিভাগের ম্যাধমে দ্রত মেরামত করে পাম্প চালু করা হয়। এফ.এম বিভাগ-১ এর আওতাধীন এলাকায় ৬৫০টি পানির পাম্পের বৈদ্যুতিক সাব-ষ্টেশনগুলির মধ্যে প্রতিদিনই প্রায় একাধিক পাম্প ষ্টেশনে এইচ.টি অথবা এল.টি ক্যাবল ফল্ট হয়ে থাকে। এইচটি ক্যাবল ফল্ট এর ছোটখাট মেরামত কাজগুলি বিভাগীয় লোকবল দ্বারা সম্পাদন করা হয়ে থাকে। তবে যে সকল ফল্টগুলি বড় ধরনের হয়ে থাকে যেমন: মাটি কেটে ও পাকা ভেঙ্গে ক্যাবল এর ফল্ট সনাক্ত করণ বৈদ্যুতিক পোল থেকে ক্যাবল উঠানো নামানো স্ট্রেইট থ্রো জয়েন্ট প্রদান ইত্যাদি মেরামত রক্ষনাবেক্ষন কাজ গুলি সম্পাদন করতে অনেক সময়ের প্রয়োজন হয় এবং বিভাগীয় জনশক্তির সাধ্যের অতিরিক্ত সে সকল কাজগুলি ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার ব্যবস্থা নিতে হয়। এইচটি ক্যাবল ফল্ট হওয়ার কারনে পাম্প বন্ধের অভিযোগ সমুহে তাৎক্ষনিক বিভাগীয়ভাবে বিভাগীয় টীম নিয়োজিত করার পরও অতিরিক্ত কাজগুলি ঠিকাদার নিয়োজিত করে দ্রুত সমাধান করতঃ নিরবচ্ছিন্ন ভাবে পানি সরবরাহ করনের জন্য পাম্প চালুর ব্যবস্থা নিতে হয়। যার কারনে পুর্ব প্রস্তুতি হিসাবে ঠিকাদার নিয়োগ করা থাকলেই অত্র বিভাগের এইচটি ক্যাবল ফল্ট এর জন্য অভিযোগসমুহ সমাধান করে মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ সমুহ সমুন্নত রাখা যাবে। উল্লেখ্য যে, বিএসটিআই এবং বৈদ্যুতিক ১১ কেভিএ Distribution Line এ কাজ করার জন্য Bangladesh Electrical Licencing Board কর্তৃক যে সকল নির্দেশনা দেয়া আছে, বিষয় বর্ণিত কাজগুলো করার ক্ষেত্রে ABC Licence ধারী ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে তা সম্পাদন করা হবে। এতদ্বলক্ষ্যে ৫০(পঞ্চাশ)টি এইচ.টি ফল্ট মেরামতের কাজ ABC Licence প্রাপ্ত ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে লক্ষ্যে পূর্বানুমোদিত (ক্রমিক নং-২) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে, যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট = ৯,৯৬,৯৫০.৭২৪ (নয় লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত পঞ্চাশ দশমিক সাত দুই চার) টাকা মাত্র (ক্রমিক নং-৩)। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাষিক ক্রয়-পরিকল্পনায় পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের (কোড নং-০১-০৪-০০৩) ক্রমিক নং-৪৫ ,প্যাকেজ নং-পিডব্লিউ-৩৬ হতে নির্বাহ করা যেতে পারে (ক্রমিক নং-১)।

০২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি বিশেষ বৈশিষ্ট্যের (হাই ভোল্টেজ লাইন) কারনে কেবল সীমিত সংখ্যাক ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদন যোগ্য এবং উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদকৃত তালিকা e-GP তে সংরক্ষিত আছে বিধায় পিপিআর-২০২৫ এর ৮০ বিধির উপ-বিধি ১ মোতাবেক Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Executive Engineer, F.M Division -1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD From e-PW2(b) অনুসরনে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair and maintenance of various types of cable faults in electrical network of substation and sub pumps of different MODS under FM Division-1 (Lot-3) কাজটি বাস্তবায়নের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট= ৯,৯৬,৯৫০.৭২৪ (নয় লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত পঞ্চাশ দশমিক সাত দুই চার) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০২৫ এর ৮০ বিধির উপ-বিধি ১ মোতাবেক সীমিত দরপত্র Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বান করে কাজটি সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) মহোদয়ের আওতাধীন।

১১/৫/২৬
মোঃ আবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

AE
১১/৫/২৬
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১ ঢাকা ওয়াসা

EE
11/05/2026
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

SERP/FM
13.5.26
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE
১৭/০৫/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O & M)

অনুমোদিত।
20/05/2026
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপারেশন)
ঢাকা ওয়াসা।

XEN (F.M.D-1)

ডি এম ডি (ও এন্ড এম)
স্মা- ২৭৮
তাং ২০/৫
ঢাকা ওয়াসা